

বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

টি.সি.বি ভবন (৬ষ্ঠ তলা)

কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.bsbk.gov.bd

নং- ১৮.১৫০.০১১.২০.০০.০২৪.২০১২-২০৪
তারিখঃ ১৩/০৩/২০১২খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের অধীন নিম্নোক্ত স্থায়ী পদে বিধি মোতাবেক নিয়োগের নিমিত্ত পদের পাশে বর্ণিত বেতনক্রম অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম ও বেতনক্রম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১।	সহকারী পরিচালক (ট্রাফিক) ১১০০০/- - ২০৩৭০/-	০১ (এক)	১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।	---
০২।	সহকারী প্রকৌশলী (সিভিল) ১১০০০/- - ২০৩৭০/-	০১ (এক)	পুর কৌশল (সিভিল) বিষয়ে স্নাতক ডিগ্রি।	---
০৩।	জনসংযোগ কর্মকর্তা ৮০০০/- - ১৬৫৪০/-	০১ (এক)	অন্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি।	---
০৪।	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ৬৪০০/- - ১৪২৫৫/-	০১ (এক)	মাধ্যমিক স্কুল বা সমমানের সার্টিফিকেটসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে তিন বছর মেয়াদি ডিপ্লোমা।	---
০৫।	প্রশাসনিক কর্মকর্তা ৫৯০০/- - ১৩১২৫/-	০২ (দুই)	অন্য ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।	---
০৬।	কম্পিউটার অপারেটর ৫৫০০/- - ১২০৯৫/-	০৮ (আট)	অন্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার পরিচালনায় অন্যান্য ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা।	জামালপুর, সিরাজগঞ্জ, ফেনী, নরসিংদী, ঢাকা, লক্ষ্মীপুর, চাঁদপুর, শরিয়তপুর, পাবনা, নোয়াখালী, কুমিল্লা, কিশোরগঞ্জ জেলা ব্যতীত। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রযোজ্য নয়।
০৭।	ওয়্যারহাউজ/ইয়ার্ড সুপারিনটেনডেন্ট ৫২০০/- - ১১২৩৫/-	০৯ (নয়)	অন্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি।	কুমিল্লা, ময়মনসিংহ, বাগেরহাট, সাতক্ষীরা, সিরাজগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, বরগুনা, নারায়ণগঞ্জ, ঢাকা, যশোর, বরিশাল, হবিগঞ্জ, পিরোজপুর, পাবনা, দিনাজপুর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, শরিয়তপুর, নোয়াখালী, ভোলা, রাঙ্গামাটি, গাইবান্ধা, খুলনা, রাজবাড়ী, লালমনিরহাট, কুড়িগ্রাম জেলা ব্যতীত। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রযোজ্য নয়।
০৮।	ক্যাশিয়ার ৪৯০০/- - ১০৪৫০/-	০১ (এক)	অন্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি।	খুলনা জেলা ব্যতীত। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রযোজ্য নয়।
০৯।	কোয়ার্টেকার ৪৯০০/- - ১০৪৫০/-	০১ (এক)	অন্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি।	---

শর্তাবলী :

- প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) নিজ জেলার নাম (ছ) জন্ম তারিখ (জ) বয়স (০১/০৩/২০১২ তারিখে) (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) ব্যাংক ড্রাফট/ডিডি/চেক-অর্ডার (নম্বর ও তারিখসহ) উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র, (গ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ কপি রঙিন ছবি, (ঙ) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), (চ) বিজ্ঞপ্তির ক্রমিক ১-৫ পর্যন্ত পদসমূহের জন্য ২৫০/ (দুইশত পঞ্চাশ টাকা) এবং ক্রমিক ৬-৮ পর্যন্ত পদসমূহের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) ব্যাংক ড্রাফট/ডিডি/চেক-অর্ডার (অফেরতযোগ্য) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, ঢাকা-এর নামে সোনালী ব্যাংক, কাওরান বাজার শাখা, ঢাকা-এর অনুকূলে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপর ডান পাশে প্রার্থীর পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে এবং ৪.০০ টাকা মূল্যের ডাকটিকেট সন্নিবিষ্ট ১১ সে.মি X ২৫ সে.মি আকারের একটি খামে আবেদনকারীর পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা হিসেবে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের খামের উপর মুক্তিযোদ্ধার সন্তান স্পষ্টাক্ষরে অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রার্থীর বয়স ০১/০৩/২০১২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যাদের ক্ষেত্রে ০১/০৩/২০১২ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- বিভাগীয় প্রার্থী এবং সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্র চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টি.সি.বি ভবন (৬ষ্ঠ তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর সর্বশেষ আগামী ০৫/০৪/২০১২ তারিখ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরিভাবে অবশ্যই পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং ০৫/০৪/২০১২ তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি বিধান এবং এতদসংক্রান্ত কোটা সংরক্ষণ করা হবে।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- কোন কারণ দর্শানো ছাড়া যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পত্র দ্বারা জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময়ে অবশ্যই প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থী প্রয়োজনে বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট (www.bsbk.gov.bd) থেকে বিজ্ঞপ্তি সংগ্রহ করতে পারবেন।

পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

ফোন: ১১১৮৮৮